যুগান্তর

তারিখ 23 JUN 2016
পৃষ্ঠা 2 কলাম 6

একাদশ শ্রেণীতে ভর্তি

# দেড় লাখ শিক্ষার্থীকে পুনরায় আবেদনের সুযোগ দেয়ার চিন্তা

**যুগান্তর রিপোর্ট**

কলেজে একাদশ শ্রেণীতে ভর্তির আবেদন না করা দেড় লাখ ছাত্রছাত্রীকে আবার (আবেদনের) সুযোগ দেয়ার চিন্তাভাবনা চলছে। অপেক্ষমাণ তালিকায় ভর্তি শেষে এ সুযোগ দেয়া হবে। এদিকে মূল তালিকার ভর্তি কার্যক্রম বুধবার শেষ হয়েছে। তবে আজ বিকাল ৫টা পর্যন্ত কলেজগুলো ভর্তিকৃত ছাত্রছাত্রীদের তথ্য অনলাইনে নিশ্চায়ন করতে পারবে। ভর্তির তথ্য অনলাইনে আপলোড শেষে কলেজের শূন্য আসন বের করা হবে। এর ভিত্তিতে আগামীকাল অপেক্ষমাণ তালিকা প্রকাশ করা হবে। ঢাকা শিক্ষা বোর্ডের সিনিয়র সিস্টেম অ্যানালিস্ট মনজুরুল কবীর যুগান্তরকে জানিয়েছেন, এখন পর্যন্ত সিদ্ধান্ত অনুযায়ী কলেজের শূন্য আসনের ৫ গুণ শিক্ষার্থীকে অপেক্ষমাণ তালিকায় রাখা হবে। অর্থাৎ একটি কলেজে ১০টি আসন খালি থাকলে ৫০ জনের নাম প্রকাশ করা হবে। কলেজগুলো এই ৫০ জন থেকে যাকে ইচ্ছা ভর্তি করতে পারবে না। তালিকার মেধাক্রম ধরে ভর্তি করতে হবে। এখন পর্যন্ত আবেদন না করা ছাত্রছাত্রীদের পুনরায় আবেদনের সুযোগ দেয়ার বিষয়ে তিনি জানান, বেশকিছু ছাত্রছাত্রী আছে যারা আবেদনের টাকা জমা দিয়েছেন, কিন্তু অনলাইনে কলেজের নাম দেননি। হয়তো আবেদন হয়ে গেছে ভেবে তারা বসেছিলেন। আমরা এসব শিক্ষার্থীসহ যারা ভর্তিরই আবেদন করেনি, তাদের পুনরায় আবেদনের সুযোগ দেব। এ বিষয়ে চিন্তাভাবনা চলছে। দু-একদিনের মধ্যে এ বিষয়ে বিস্তারিত তথ্য জানা যাবে।